

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭২৬

ধর্মনগর, ১৮ নভেম্বর, ২০২৩

যুবরাজনগর ব্লকভিত্তিক যুব উৎসব

যুবরাজনগর পঞ্চায়েত সমিতি হলে আজ যুবরাজনগর ব্লকভিত্তিক যুব উৎসব অনুষ্ঠিত হয়। যুব উৎসবের উদ্বোধন করেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি ভবতোষ দাস। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক যাদবলাল নাথ, প্রাক্তন বিধায়ক মলিনা দেবনাথ, সমাজসেবী নান্টু গোস্বামী, যুবরাজনগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান মহানন্দ দেবনাথ, যুবরাজনগর ব্লকের অতিরিক্ত সমষ্টি উন্নয়ন আধিকারিক রিম্পি দেব প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন যুবরাজনগর ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিক নূরুজ জামান ইসলাম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন যুবরাজনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শ্রীপদ দাস। যুব উৎসবে যুবরাজনগর ব্লকের অন্তর্গত ২২টি গ্রামপঞ্চায়েত ও ভিলেজ কমিটি এলাকার ১৫ থেকে ২৯ বছর বয়সী যুবক যুবতী বিভিন্ন বিষয়ে আয়োজিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। প্রতিটি বিষয়ে প্রথম স্থানাধিকারীগণ জেলাভিত্তিক প্রতিযোগিতায় অংশ গ্রহণ করবেন।
